গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, সাভার, ঢাকা
doict.savar.dhaka.gov.bd

**স্মারক নম্বর:** ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.১৮.০০০১.২৫.৩৪

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
০১ জুন ২০২৬

বিষয়: **"ফ্রিল্যান্সার নীতিমালা-২০২৬" এর খসড়া বিষয়ে মতামত প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ৫৬.০৪.০০০০.০০০.০১৪.১৪.০০০১.২৬.৩১ ২০ মে ২০২৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রেরিত খসড়া "ফ্রিল্যান্সার নীতিমালা-২০২৬" পর্যালোচনাক্রমে নিয়োক্ত মতামত ও সুপারিশ প্রদান করা হলোঃ

১। ফ্রিল্যান্সারের সংজ্ঞায় দেশীয় প্রতিষ্ঠানের জন্য রিমোটভিত্তিক ডিজিটাল সেবা প্রদানকারী, কনটেন্ট ক্রিয়েটর, অ্যাফিলিয়েট মার্কেটার এবং অন্যান্য উদীয়মান ডিজিটাল পেশাজীবীদের অন্তর্ভুক্তির বিষয়টি অধিকতর স্পষ্টভাবে উল্লেখ করা যেতে পারে।

২। নিবন্ধনের যোগ্যতা নির্ধারণে ন্যূনতম বয়স ১৮ বছর নির্ধারণের বিষয়টি পুনর্বিবেচনা করা যেতে পারে। বর্তমানে অনেক শিক্ষার্থী ১৩-১৭ বছর বয়স থেকেই আন্তর্জাতিক ফ্রিল্যান্সিং প্ল্যাটফর্মে সফলভাবে কাজ করছে এবং বৈদেশিক মুদ্রা অর্জন করছে। সে প্রেক্ষিতে অভিভাবকের সম্মতি বা বিশেষ শর্তসাপেক্ষে অপ্রাপ্তবয়স্ক দক্ষ ফ্রিল্যান্সারদের নিবন্ধনের সুযোগ প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এতে তরুণ প্রজন্মের ডিজিটাল কর্মসংস্থান ও দক্ষতা উন্নয়ন আরও উৎসাহিত হবে।

৩। নিবন্ধনের যোগ্যতা নির্ধারণে গত ১২ মাসে ন্যূনতম ৫০ মার্কিন ডলার আয় এবং অন্তত একটি কাজ সম্পন্ন করার শর্ত পুনর্বিবেচনা করা যেতে পারে। নতুন ও সম্ভাবনাময় ফ্রিল্যান্সারদের অন্তর্ভুক্তির লক্ষ্যে "নবীন (Aspiring/Trainee) ফ্রিল্যান্সার" নামে পৃথক ক্যাটাগরি প্রবর্তনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৪। ফ্রিল্যান্সারদের আয়ভিত্তিক শ্রেণিবিন্যাসের পাশাপাশি দক্ষতা, অভিজ্ঞতা, সম্পন্নকৃত প্রকল্পের সংখ্যা ও পেশাগত অবদানকে মূল্যায়নের অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৫। নিবন্ধন প্রক্রিয়া অধিকতর সহজ, দ্রুত ও ব্যবহারবান্ধব করার লক্ষ্যে জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন ও ব্যাংকিং তথ্যের স্বয়ংক্রিয় যাচাইকরণ ব্যবস্থা সংযুক্ত করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৬। অনলাইন সনদ ও যাচাইকরণ ব্যবস্থায় ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিতকরণে কোন তথ্য সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে এবং কোন তথ্য শুধুমাত্র অনুমোদিত কর্তৃপক্ষের জন্য সংরক্ষিত থাকবে তা সুস্পষ্টভাবে নির্ধারণ করা প্রয়োজন।

৭। নিবন্ধিত ফ্রিল্যান্সারদের জন্য সম্ভাব্য সরকারি সুবিধা, প্রণোদনা, দক্ষতা উন্নয়ন সহায়তা, সহজ শর্তে ঋণ সুবিধা, বীমা সুবিধা অথবা অন্যান্য প্রাতিষ্ঠানিক সহায়তার বিষয়গুলো নীতিমালায় সুনির্দিষ্টভাবে উল্লেখ করা যেতে পারে।

৮। অনলাইন মার্কেটপ্লেস ও সেবাদানকারী প্ল্যাটফর্মের সাদা (White List) ও কালো (Black List) তালিকা প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় মানদণ্ড ও প্রক্রিয়া প্রকাশ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৯। নিবন্ধন বাতিল, স্থগিতকরণ বা আবেদন প্রত্যাখ্যানের ক্ষেত্রে আপিল প্রক্রিয়াকে অধিকতর সহজ, স্বচ্ছ ও সময়োপযোগী করার লক্ষ্যে অনলাইনভিত্তিক আপিল ব্যবস্থার কার্যকারিতা জোরদার করা যেতে পারে।

১০। জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ, মেন্টরিং ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি কার্যকর সমন্বয় কাঠামো প্রণয়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

১১। নারী, প্রতিবন্ধী ব্যক্তি এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর ফ্রিল্যান্সিং খাতে অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে বিশেষ প্রশিক্ষণ, মেন্টরিং ও প্রণোদনা কর্মসূচি অন্তর্ভুক্ত করা যেতে পারে।

এমতাবস্থায়, খসড়া "ফ্রিল্যান্সার নীতিমালা-২০২৬" দেশের ফ্রিল্যান্সিং খাতকে প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান, তথ্যভাণ্ডার গঠন এবং দক্ষ মানবসম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রতীয়মান হয়। উপরোক্ত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে নীতিমালাটি চূড়ান্ত করা হলে এটি আরও কার্যকর, অন্তর্ভুক্তিমূলক ও বাস্তবমুখী হবে বলে মত প্রদান করা হলো।

০১-০৬-২০২৬
ফাতেমা-তুজ-জান্নাত
উপজেলা আইসিটি অফিসার
ইমেইল : ictofficersavar@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিস্টেম ম্যানেজার, সিস্টেম্স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.১৮.০০০১.২৫.৩৪/১ (৪)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
০১ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। উপপরিচালক (প্রতিভূ), পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
৪। অফিস কপি।

০১-০৬-২০২৬
ফাতেমা-তুজ-জান্নাত
উপজেলা আইসিটি অফিসার